আলমডাঙ্গায় সমাপ্ত হলো তিনদিনব্যাপী কৃষিপ্রযুক্তি মেলা

আলমডাঙ্গায় শেষ হলো তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা।

যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় আলমডাঙ্গায় আয়োজন করা হয়েছিল তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা। গত শনিবার সকাল সাড়ে ১১টায় উপজেলা কৃষি অফিস চত্বরে আনুষ্ঠানিকভাবে মেলার উদ্বোধন করেন, জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন। তিন দিনব্যাপী চলমান মেলা গতকাল সোমবার সন্ধ্যায় সমাপ্তির পর্দা নামে।

গত ৩১ শে জানুয়ারি মেলা উপলক্ষ্যে উদ্বোধনের আগে উপজেলা কৃষি অফিস চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় উদ্বোধনী সভা।

উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ প্রকল্পের অতিরিক্ত পরিচালক (উদ্যানে) কৃষিবিদ দেবাশীষ কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সাইফুল্লাহ মাহমুদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলার সহকারি কমিশনার(ভূমি) এএসএম শাহনেয়াজ মেহেদীর, ওসি (তদন্ত) আজগার আলী, প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. এস এম মাহমুদুল হক, উপজেলা প্রকৌশলী তাওহীদ আহমেদ।

আলমডাঙ্গায় সব ধরনের ফসলের চাষাবাদ অত্যন্ত ভালোভাবে হয়। প্রাকৃতিক দুর্যোগ তুলনামূলক কম হওয়ায় এ জেলা কৃষিপণ্য উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। আধুনিক কৃষি প্রযুক্তি ও পদ্ধতিতে তরুণরা আগ্রহী হওয়ায় কৃষি খাতে ইতিবাচক পরিবর্তন আসছে। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় টেকসই ও আধুনিক কৃষি

প্রযুক্তির ব্যবহার আরও বাড়াতে হবে। এ ধরনের মেলার মাধ্যমে কৃষকরা আধুনিক চাষাবাদ পদ্ধতি, উন্নত জাতের ফসল, আধুনিক কৃষিযন্ত্র ও প্রযুক্তি সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারবেন।

মেলায় উপজেলার বিভিন্ন এলাকার উদ্যোক্তাদের অংশগ্রহণে মোট ১৬টি স্টল বসানো হয়েছে। তরুণ কৃষি উদ্যোক্তারা আধুনিক প্রযুক্তিনির্ভর কৃষি উদ্ভাবন ও চাষাবাদ কৌশল প্রদর্শন করেছেন।

মেলায় পারিবারিক সবজি ও পুষ্টি বাগান, নিরাপদ ঔষধি ফসল, মাশরুম উৎপাদন, ফুল প্রদর্শনী, উচ্চমূল্যের ফল ও মশলা চাষ, আধুনিক কৃষি প্রযুক্তি, শস্যচিত্রসহ বিভিন্ন বিষয়ভিত্তিক স্টল স্থান পেয়েছিল।

উদ্বোধনের দিন থেকে মেলায় উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আলমডাঙ্গার আয়োজনে অনুষ্ঠিত এ মেলায় সকল শ্রেণি-পেশার মানুষকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল।মেলায় স্হানীয় কৃষক, তরুণ কৃষি উদ্যোক্তা, সামাজিক, রাজনৈতিক গন্যমান্য ব্যাক্তিবর্গ সহ শিশুদের উপস্থিত লক্ষ করা গেছে।

শিশুরা অভিভাবকদের সাথে এসে কৃষি প্রযুক্তির বিভিন্ন আবিষ্কার, চাষাবাদ এর পদ্ধতি ও মেলায় প্রদর্শিত বৃহৎ আকারে বিভিন্ন ফল সবজি দেখে বিস্ময় প্রকাশ করে।

এ ধরনের আয়োজন সকলের মাঝে কৃষির প্রতি ভালবাসা তৈরি হবে বলে মনে করেন আয়োজকরা।

মেহেরপুরে তিনদিনব্যাপী আম মেলার উদ্বোধন

রপ্তানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের আওতায় মেহেরপুরে শুরু হয়েছে তিনদিনব্যাপী আম মেলা।

জেলা প্রশাসন ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে

রোববার সকালে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের খামারবাড়ি প্রাঙ্গণে এ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ সামছুল আলম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসির উপপরিচালক হাফিজুল ইসলাম ও সহকারী জেলা শিক্ষা অফিসার আব্দুল রহিম।

স্বাগত বক্তব্য প্রদান করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক শায়খুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা আশরাফুল আলম ও চায়না পারভিন প্রমুখ।

মুজিবনগরে তিন দিনব্যাপী ফল মেলা উদ্বোধন

“দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই” প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে তিন দিনব্যাপী ফল মেলার উদ্বোধন করা হয়েছে।

উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিসের উদ্যোগে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত চলবে এই ফল মেলা। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স এবং সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

ফিতা কেটে মেলার উদ্বোধনের পর ইউএনও পলাশ মন্ডল অতিথিদের সঙ্গে নিয়ে মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

মেলায় ৪টি স্টলে আম, জাম, কাঁঠাল, কলা, ড্রাগন, লেবু, তাল, কামরাঙ্গা, খেজুর, জামরুল, পেঁপে, গাব, আঁশফল, মালটা ও পেয়ারাসহ

বিভিন্ন প্রজাতির দেশি ফল প্রদর্শিত হয়েছে।

স্থানীয় কৃষকদের উৎসাহিত করা এবং জনগণের মধ্যে দেশি ফলের গুরুত্ব তুলে ধরার লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়েছে বলে জানান আয়োজকরা।

কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন

কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেলার উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। কৃষি অফিসের আয়োজনে যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় মেলাটি হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

জানা যায়, যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। যা চলবে আগামী ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারী পর্যন্ত। এ উপলক্ষে আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর উপজেলা চত্বর থেকে বের হয় র্যালি। এরপর র্যালিটি স্থানীয় কলেজ বাসস্ট্যান্ড ঘুরে উপজেলায় এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হোসেন। অনুষ্ঠানে বক্তব্যের পর মেলা উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন, জেলার কৃষি অতিরিক্ত উপ-পরিচালক সেলিম রেজা, উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কোটচাঁদপুর উপজেলা সাবেক চেয়ারম্যান ও উপজেলা জামায়াতের আমীর মওলানা তাজুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ।

এ ছাড়া উপস্থিত ছিলেন রাইয়ান কৃষি জৈব ফার্মের পরিচালক ড.নজরুল

ইসলাম ও কোটচাঁদপুর উপজেলা কৃষি কল্যাণ সমিতির সভাপতি হারুন-অর-রশিদ মুসা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, অতিরিক্ত কৃষি কর্মকর্তা নাজমুল সাকিব।

এরপর দুপুরে কৃষি মেলায় আসেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল। পরিদর্শন করেন মেলার প্রতিটি স্টল। এ বছর মেলায় ১৪ টি স্টল অংশ গ্রহন করেছেন।